দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JAN 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৮ ...

001

## কম্পার্টমেন্টাল পদ্ধতি

১৯৮৯ সালে এইচ, এস,সি পরীক্ষায় কম্পার্টমেন্টাল পদ্ধতি পুনরায় চালু হইয়াছে। শুনিয়া অত্যন্ত আনন্দিত হইয়াছি। কিন্তু একটা কথা শুনিয়া সব গুড়ে বালি হইয়া গেল। তাহা হইল কম্পার্টমেন্টাল পাস করিলে তাহাকে কোন ডিভিশন দেওয়া হইবে না। ইহার ফলে কম্পার্টমেন্টাল পাস করা ছাত্ররা বিশ্ববিদ্যালয়ে পড়িতে পারিবে না। নম্বর অনুযায়ী ডিভিশন প্রদান করার জন্য কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাইতেছি।

—মতিউর রহমান, বড় মগবাজার, ঢাকা-১২১৭।